

সিনিয়র সিস্টেম এনালিস্ট

- ◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
- ◇ প্রোগ্রামার
- ◇ সহকারী প্রোগ্রামার
- স:মে:ই-১/স:মে:ই-২
- ◇ নথি
- জাইরি নং: ০৬/১০৭/১২০২০
- তারিখ: ০৬/১০/১২

স্বাক্ষর

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০২.১৯-১৮২৫


তারিখ: ০৯ পৌষ ১৪২৬
২৪ ডিসেম্বর ২০১৯

বিষয় : আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখ অনুষ্ঠেয় মুজিববর্ষের উদ্বোধন উপলক্ষ্যে সকল বিভাগীয় শহর, জেলা এবং সিটি কর্পোরেশন এলাকাসহ সারাদেশে অনুষ্ঠেয় আয়োজন সংক্রান্ত পরামর্শ প্রদান প্রসঙ্গে।

সূত্র : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির পত্র নং- জ:শ:খ:জা:বা:ক:/কর্মপরিকল্পনা-০১/২০১৯/৫২৪, তারিখ ০২-১২-২০১৯।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রাপ্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখ সকল বিভাগীয় শহর, জেলা এবং সিটি কর্পোরেশন এলাকাসহ সারাদেশে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর উদ্বোধন অনুষ্ঠানের আয়োজন সংক্রান্ত পত্রের ছয়ালিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



(মোহাঃ লিয়াকত আলী খান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৮৪১২৮, ফ্যাক্সঃ ৯৫৮৫১৩৮

ই-মেইল: sasadmin@rthd.gov.bd

বিতরণ:

- ০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ০২। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৩। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা।
- ০৪। চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।

অনুলিপি:

- ০১। প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, ৫ম তলা, আন্তর্জাতিক মার্ভাভাষা ইনস্টিটিউট, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং-জ:শ:উ:/জা:বা:ক:/কর্মপরিকল্পনা-০১/২০১৯/৫২৪

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৬
২ ডিসেম্বর ২০১৯

বিষয়: আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখ অনুষ্ঠেয় মুজিববর্ষের উদ্বোধন উপলক্ষ্যে সকল বিভাগীয় শহর, জেলা এবং সিটি কর্পোরেশন এলাকাসহ সারাদেশে অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত পরামর্শ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে দেশব্যাপী বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হবে। সে লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সরকারি-বেসরকারি দপ্তর, সংস্থা, সংগঠনের সঙ্গে আলোচনাক্রমে সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। সরকার ১৭ই মার্চ ২০২০ হতে ১৭ই মার্চ ২০২১ সময়কালকে মুজিববর্ষ ঘোষণা করেছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং মুজিববর্ষ উদ্‌যাপনের বর্ণাঢ্য সূচনা হিসেবে আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে ঢাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর উদ্বোধন অনুষ্ঠানের আয়োজন করা হবে। উদ্বোধনী আয়োজনে শত শিশুর কণ্ঠে জাতীয় সংগীত ও শিশু সংগীত, থিম সং, যন্ত্রসংগীত, সাংস্কৃতিক পরিবেশনাসহ স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধুর জীবন ও রাজনৈতিক সংগ্রাম বিষয়ে আলোচনা ও তাঁর স্মৃতির প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপনের কার্যক্রম অন্তর্ভুক্ত থাকবে। ঢাকায় আয়োজিতব্য উদ্বোধনী অনুষ্ঠানের আলোকে সারা দেশে সকল বিভাগ, জেলা ও সিটি কর্পোরেশনসহ সকল স্তরে স্থানীয়ভাবে নিম্নলিখিত কর্মসূচি গ্রহণ করা যেতে পারে:

- ১৭ই মার্চ ২০২০ তারিখে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে তোপধ্বনি (প্রযোজ্য ক্ষেত্রে);
- সকল সরকারি, বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন;
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল/ভাস্কর্য/প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন (প্রযোজ্য ক্ষেত্রে);
- মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন ইত্যাদি
- জাতীয় শিশু দিবসের অনুষ্ঠান আয়োজন;
- প্রমাপ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ;
- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা, আলোকসজ্জার ব্যবস্থাকরণ;
- বিভিন্ন বাহিনী, বীর মুক্তিযোদ্ধা, স্কাউটস, গার্লস গাইড, বিএনসিসি ইত্যাদির প্যারেরেউ, প্রদর্শনী ও শিশু-কিশোর সমাবেশের আয়োজন;
- বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উৎসবমুখর পরিবেশে বিভিন্ন আয়োজন। যেমন: সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, দেয়াল পত্রিকা/স্মরণিকা প্রকাশ, কুইজ, বিতর্ক ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বই মেলা, কবিতা আবৃত্তি, আনন্দ ভোজ ইত্যাদির আয়োজন;

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে সূর্যোদয়ের, গ্রন্থ, স্মরণিকা, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশ করার ক্ষেত্রে	
উৎসাহ ও সহায়তা প্রদান;	
ম্যুরাল/ভাস্কর্য/প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন	✓
আলাদাভাবে অনুষ্ঠান আয়োজন করবে;	
জন্মশতবার্ষিকীর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নকালে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরিকৃত থিম	
সং এর ব্যবহার;	
বিভিন্ন গুরুত্বপূর্ণ গ্রোথ সেন্টারে বঙ্গবন্ধুর উপলক্ষ্যে সজ্জিতকরণ, তথ্যচিত্র প্রদর্শন;	

- জন্মশতবার্ষিকীর কর্মসূচি স্থানীয়ভাবে প্রচার এবং পাশাপাশি কেন্দ্রীয়ভাবে প্রচারের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির মিডিয়া সেন্টারে প্রেরণ;
- প্রযোজ্য ক্ষেত্রে আতশবাজি ও লেজার শো এর আয়োজন;
- জন্মশতবার্ষিকীর কর্মসূচি বাস্তবায়নের সময় বিভিন্ন দপ্তর/সংস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, জনপ্রতিনিধি, মুক্তিযোদ্ধা, সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠান এবং রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় সংগঠন, ক্রীড়া সংস্থা, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া, ব্যবসায়ী সংগঠন ও উদ্যোক্তাসহ সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণ।

২। উদ্বোধনের দিন দেশের সকল বিভাগীয় শহর, জেলা ও সিটি কর্পোরেশনসমূহ দিনব্যাপী উপর্যুক্ত নিজস্ব কর্মসূচি পালনের পাশাপাশি বিকাল ৪:০০টা থেকে কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠান আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে সারাদেশের সকল বিভাগীয় শহর, জেলা ও সিটি কর্পোরেশনসমূহ কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠানের সঙ্গে সরাসরি যুক্ত হবে। এ লক্ষ্যে জেলা ও সিটি কর্পোরেশনসমূহের গুরুত্বপূর্ণ স্থানে LED স্ক্রিন স্থাপন করা প্রয়োজন যাতে করে স্থানীয় জনগণ কেন্দ্রীয় উদ্বোধন অনুষ্ঠান সরাসরি উপভোগ করতে পারে।

৩। জন্মশতবার্ষিকী উদ্বোধন সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্বোধন জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ের সাথে যোগাযোগ করা যেতে পারে:

(১) সৈয়দ নাসির এরশাদ, যুগ্মসচিব

ফোন: ০২-৫৫১৩০৩১৭, মোবাইল: ০১৭২০১৭০৮৮৮

(২) নাসরীন জাহান লিপি, প্রধান মিডিয়া কর্মকর্তা

মোবাইল: ০১৫৫২৪১৪২২১, ই-মেইল: mujib100mediacell@gmail.com



(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)

প্রধান সমন্বয়ক

ফোন: ৫৫১৩০৩২০

বিতরণ (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মেয়র (সকল সিটি কর্পোরেশন)।

২। বিভাগীয় কমিশনার (সকল বিভাগ)।

২। জেলা প্রশাসক (সকল জেলা)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা / প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

২. সিনিয়র সচিব/সচিব (সকল)।

৩. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।।